

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭১৪(আগরতলা ২৯।০১)

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

**পুরাতন আগরতলা ব্লকে বিভিন্ন উন্নয়নমূলক কাজ**

পুরাতন আগরতলা ব্লকের ৯টি গ্রাম পঞ্চায়েতে চলতি অর্থবছরে পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ১৩টি পরিকাঠামোমূলক উন্নয়ন কাজ চলছে। এই কর্মসূচিগুলি বাস্তবায়নে ৩৪ লক্ষ ৯৯ হাজার ১১৪ টাকা ব্যয় হবে। এই কর্মসূচিগুলির মধ্যে রয়েছে, ব্লকের দলুরা গ্রাম পঞ্চায়েতের 'গীতবিতান' হল সংস্কার সহ ২টি কমিউনিটি শৌচালয় ও ১টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংস্কার, মেঘলিপাড়া পঞ্চায়েতের দীনদয়াল উচ্চবিদ্যালয়ের শৌচালয়, বেলমুড়া, মধ্য চাম্পামুড়া, পূর্ব চাম্পামুড়া, পশ্চিম চাম্পামুড়া, বৃদ্ধনগর, তুলাকোনা ও পশ্চিম নোয়াগাঁও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির সংস্কার এবং রাখাকিশোর নগর গ্রাম পঞ্চায়েতে ১টি নতুন কমিউনিটি শৌচালয় নির্মাণ। পুরাতন আগরতলা ব্লক থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*